তারিখ ২৬/১১/২০০০
পৃষ্ঠা ৩ কলাম ৭

দৈনিক ইত্তেফাক

302

# ডিগ্রী পরীক্ষার নকল প্রতিরোধে কুমিল্লার সকল কেন্দ্রের পরিবর্তন

দাউদকান্দি সংবাদদাতা ॥ আসন্ন ডিগ্রী পরীক্ষায় নকল প্রতিরোধ উদ্দেশ্যে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কুমিল্লা জেলার সমস্ত কলেজের কেন্দ্র পরিবর্তন করিয়াছেন। পরিবর্তিত নির্দেশ অনুযায়ী কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ কেন্দ্রে কুমিল্লা সরকারী মহিলা কলেজ, চৌয়ারা আদর্শ কলেজ, কুমিল্লা সরকারী কলেজ, ইস্পাহানি পাবলিক স্কুল এন্ড কলেজ, চান্দ মিয়া মোল্লা কলেজ, শোশরিফ কলেজ ও নীলকান্ত কলেজের পরীক্ষার্থিরা, কুমিল্লা সরকারী মহিলা কলেজ কেন্দ্রে অজিত গুহ কলেজের পরীক্ষার্থীরা অজিত গুহ কলেজ কেন্দ্রে ভিক্টোরিয়া কলেজ ও চিওড়া কলেজের পরীক্ষার্থীরা, লালমাই কলেজ কেন্দ্রে পয়ালগাছা কলেজের পরীক্ষার্থীরা, চৌয়ারা

(১৩শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ডিগ্রী পরীক্ষার নকল

(৩য় পৃঃ পর)

আদর্শ কলেজ কেন্দ্রে চৌদ্দগ্রাম সরকারী কলেজের পরীক্ষার্থীরা, চৌদ্দগ্রাম সরকারী কলেজ কেন্দ্রে গুণবর্তী কলেজের পরীক্ষার্থীরা, নাঙ্গলকোট হাছান মেমোরিয়াল কলেজ কেন্দ্রে লাকসাম নওয়াব ফয়জুন্নেছা সরকারী কলেজ কেন্দ্রের পরীক্ষার্থীরা, নওয়াব ফয়জুন্নেছা সরকারী কলেজ কেন্দ্রে নাঙ্গলকোট হাছান মেমোরিয়াল কলেজ কেন্দ্রের পরীক্ষার্থীরা, পয়ালগাছা কলেজ কেন্দ্রে আড্ডা কলেজ ও বরুরা শহীদ স্মৃতি কলেজের পরীক্ষার্থীরা, বরুরা শহীদ স্মৃতি কলেজ কেন্দ্রে লালমাই কলেজের পরীক্ষার্থীরা, শ্রীকাইল কলেজ কেন্দ্রে হায়দারাবাদ বেগম জাহানারা হক কলেজ কেন্দ্রের পরীক্ষার্থীরা, হায়দারাবাদ বেগম জাহানারা হক কলেজ কেন্দ্রে কাজী নোমান আহমেদ কলেজ কেন্দ্রের পরীক্ষার্থীরা, কাজী নোমান আহমেদ কলেজ কেন্দ্রে শ্রীকাইল কলেজের পরীক্ষার্থীরা, বদিউল আলম কলেজ কেন্দ্রে দেবীদ্বার এস এ সরকারী কলেজের পরীক্ষার্থীরা, দেবীদ্বার এস এ সরকারী কলেজ কেন্দ্রে আলহাজ জোবেদা খাতুন মহিলা কলেজ ও কাশিনগর কলেজের পরীক্ষার্থীরা, আলহাজ্ব জোবেদা খাতুন মহিলা কলেজ কেন্দ্র বদিউল আলম কলেজের পরীক্ষার্থীরা, গৌরীপুর মুন্সী ফজলুর রহমান সরকারী কলেজ কেন্দ্রে হোমনা কলেজ ও জুরানপুর আদর্শ কলেজের পরীক্ষার্থীরা, হোমনা কলেজ কেন্দ্রে হাসানপুর এসএন সরকারী কলেজের পরীক্ষার্থীরা, হাসানপুর এসএন সরকারী কলেজ কেন্দ্রে গৌরীপুর মুন্সী ফজলুর রহমান সরকারী কলেজ, দোল্লাই নোয়াবপুর কলেজ ও আকবর আলী খান কারিগরি ও বাণিজ্য কলেজের পরীক্ষার্থীরা, সাহেবাবাদ কলেজ কেন্দ্রে বুড়িচং এরশাদ কলেজের পরীক্ষার্থিরা, বুড়িচং এরশাদ কলেজ কেন্দ্রে সাহেবাবাদ কলেজের পরীক্ষার্থীরা, নিমসার জুনাব আলী কলেজ কেন্দ্রে চান্দিনা রেদোয়ান আহমেদ কলেজের পরীক্ষার্থীরা ও চান্দিনা রেদোয়ান আহমেদ কলেজ কেন্দ্রে নিমসার জুনাব আলী কলেজের পরীক্ষার্থিগণকে পরীক্ষা দিতে হইবে। কুমিল্লার জেলা পর্যায়ের একজন কর্মকর্তা বলেন, এই পদক্ষেপের কারণে নকল প্রবণতা অনেকটা কমিবে এবং এসএসসি ও এইচএসসি পরীক্ষায়ও একই পন্থা অবলম্বন করার সম্ভাবনা রহিয়াছে।